

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
(সংস্থা-১ শাখা)

নং- ৫৬.০০.০০০০.০১৯.১১.০০৭.১৮-১০১

তারিখঃ

০৬ জ্যৈষ্ঠ ১৪২৫  
২০ মে ২০১৮

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২৭ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.১১৯২.১৭-৪৪৫ সংখ্যক পত্রের সুপারিশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে পুলিশ ডেরিফিকেশন ও স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন হওয়ায় নিম্নবর্ণিত ০১জন প্রার্থীকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রথম শ্রেণির “নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার” এর শূন্যপদের বিপরীতে জাতীয় বেতন স্কেল’ ২০১৫ এর গ্রেড-৬ (টাকা ৩৫৫০০/-৬৭০১০/-) বেতনক্রমে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলোঃ


| ক্রম | প্রার্থীর নাম, রেজি: নম্বর, নিজ জেলা   | অধিদপ্তর/সংস্থার নাম                    | পদের নাম                  | স্থায়ী ঠিকানা   | মন্তব্য                 |
|------|--|---|---------------------------|--|-------------------------|
| ১।   | মোঃ দিদারুল কাদির<br>রেজিঃ নং ০০০০০২<br>পিতাঃ মৃত মোস্তফা কাদির<br>মাতাঃ জ্যোৎস্না মোস্তফা<br>জেলাঃ ময়মনসিংহ। | তথ্য ও<br>যোগাযোগ<br>প্রযুক্তি অধিদপ্তর | নেটওয়ার্ক<br>ইঞ্জিনিয়ার | গ্রাম/বাড়ী/সড়ক: ৫/১৬, আউটার<br>স্টেডিয়াম<br>ডাকঘরঃ ময়মনসিংহ<br>উপজেলাঃ ময়মনসিংহ সদর<br>জেলাঃ ময়মনসিংহ। | মুক্তিযোদ্ধার<br>সন্তান |

০২। শর্তাসমূহঃ

- তাকে ০২ বছর শিক্ষানবিশ হিসাবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকুরি থেকে অপসারণ করা হবে;
- বাংলাদেশ সরকারি কর্ম কমিশন প্রদত্ত মেধা তালিকা ও প্রচলিত অন্যান্য সরকারি বিধি মোতাবেক তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঞ্জীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের সদস্যের জন্য কোন যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না;
- The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩ (১) উপ বিধি অনুযায়ী চাকুরিতে যোগদানের সময় তাকে সকল স্বাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র জমা দিতে হবে;
- এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রচলিত বিধি, আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;
- দাখিলকৃত কোন একটি বা একাধিক সনদপত্র ভবিষ্যতে ভুয়া/জাল বা জালিয়াতি/তথ্যকতাপূর্ণভাবে সৃষ্ট মর্মে প্রমানিত হলে কোন প্রকার কারণ না দর্শিয়ে তাঁর এ নিয়োগ বাতিল করা হবে; এবং
- এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণভাতা বা দৈনিকভাতা পাবেন না।


০৩। অনুচ্ছেদ-২ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বলে বিবেচিত হলে আগামী ১৯-০৬-২০১৮ তারিখের মধ্যে সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা বরাবর যোগদানের জন্য অনুরোধ করা হলো।

০৪। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে তিনি এ চাকুরিতে যোগদানে ইচ্ছুক নন মর্মে গণ্য করা হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
  
(সাইফুদ্দিন আহম্মদ মজুমদার)  
উপসচিব  
ফোনঃ ০২-৮১৮১২৮৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (সাধারণ সেবা/ সংস্থা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৬. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধ)।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ডাক,টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১২. জনাব মোঃ দিদারুল কাদির, পিতাঃ মৃত মোস্তফা কাদির, গ্রাম/বাড়ী/সড়ক: ৫/১৬, আউটার স্টেডিয়াম, ডাকঘরঃ ময়মনসিংহ, উপজেলাঃ ময়মনসিংহ সদর, জেলাঃ ময়মনসিংহ।



(সাইফুদ্দিন আহম্মদ মজুমদার)

উপসচিব

ফোনঃ ০২-৮১৮১২৮৮